পুলিশ ও স্থানীয় বাসিন্দা সূত্রে জানা গেছে, গতকাল মঙ্গলবার রাত আটটার দিকে আনিসুর ও তাঁর ফুফাতো ভাই সালাম জগল্লাথপুর উত্তরপাড়া মোড়ে একটি চায়ের দোকানে চা পান করছিলেন। বাড়ির দিকে রওনা হওয়ার সময় হঠাৎ দুর্বৃত্তরা আনিসুরের ওপর হামলা চালায়। তাঁকে রক্ষা করতে এগিয়ে এলে সালামকেও কুপিয়ে জখম করা হয়। পরে স্থানীয় বাসিন্দারা তাঁদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যান।

নিহত আনিসুরের ছোট ভাই আশিকুর রহমান অভিযোগ করেন, তাঁদের ভাই আশরাফ হত্যা মামলার আসামি বিএনপি সমর্থক লেন্টু, ওহিদুল, হাদি, আমিন ও কোরবানের নেতৃত্বে ১০-১২ জন আনিসুরকে হত্যা করেছে।







চৌগাছা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্বে থাকা উপপরিদর্শক মেহেদি হাসান বলেন, এটি রাজনৈতিক হত্যাকাণ্ড। ২২ বছর ধরে এই ইউনিয়নে পুনোখুনি চলে আসছে। আনিসুর হত্যাকাণ্ডের সঙ্গে আশরাফ হত্যা মামলার এজাহারভুক্ত দুই আসামির সম্পৃক্ত থাকার তথ্য পাওয়া গেছে। স্থানীয় আওয়ামী লীগ ও বিএনপির লোকজনের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছে।

এ বিষয়ে জানতে সিংহঝুলি ইউনিয়ন বিত্তনপির সভাপতি আবদুল মজিদ বলেন, 'হত্যাকাণ্ডে জড়িত হিসেবে লেন্ট্রসহ খাঁদের নাম এসেছে, তাঁরা বিত্তনপির রাজনীতির সঙ্গে জড়িত থাকলেও দলীয় কোনো পদে নেই। এ হত্যার সঙ্গে রাজনীতির কোনো যোগসূত্র নেই। স্থানীয় আধিপত্যের দ্বন্দ্বে এ হত্যাকাণ্ড হতে পারে।









ই-লেগদানা 🔤

নিহতরা হলেন হামিদুল ইসলাম (৪৮) ও তাঁর ছোট ভাই নজরুল ইসলাম (৪৫)। গতকাল বুধবার বিকেল সোয়া ৫টার দিকে উপজেলার আড়িয়া ইউনিয়নের ছাতারপাড়া বাজারে এই হত্যাকাণ্ড ঘটে। নিহতরা ছাতারপাড়া এলাকার বেন্ধনবাড়িয়া গ্রামের রমজান আলীর ছেলে।

মারাত্মক আহত দুজনকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে। ভর্তি করা হয়েছে।

হানীয় সূত্র জানায়, হাতারপাড়া এলাকার বেগুনবাড়িয়া গ্রামের আওয়ামী লীগ সমর্থক গাইন বংশ ও বিএনপি সমর্থক পিয়াদা বংশের মধ্যে দীর্ঘদিন ধরে বিরোধ চলে আসছিল। এরই জেরে গতকাল বিকেলে পিয়াদা বংশের প্রধান গাদির নেতৃত্ত্বে ইস্তা মলিথা ও সুমন পিয়াদাসহ ১০-১২ জন দেশি অস্ত্র নিয়ে ছাতারপাড়া বাজারে অবস্থানরত গাইন বংশের দুই ভাই হামিদুল ইসলাম ও নজরুল ক ইসলামের ওপর হামলা চালান। এ সময় তাঁরা ধারাল অস্ত্র দিয়ে তাঁদের কুপিয়ে মারাত্মক জখম করেন।







পরে স্থানীয়রা তাঁদের উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক তাঁদের মৃত ঘোষণা করেন।

দৌলতপুর থানার ওসি শেখ আওয়াল কবীর জানান, স্থানীয় আধিপত্য নিয়ে প্রতিপক্ষরা দুজনকে কুপিয়ে হত্যা করেছে। ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তারে অভিযান চালানো হচ্ছে। নিহতদের মরদেহ কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে রয়েছে।



Party and the second second



আওয়ামী লীগ সরকারের পতনের পর সাইদুর রহমান ও তার ভাইদের বাড়িঘরে হামলা হয়

Studies BASIC CAMPUS যুবলীগ নেতাকে বিদ্যুতের খুঁটির সঙ্গে বেঁধে নির্যাতন, ৭ দিন পর মৃত্যু













N DT 🛄





প্রকাশ : ৩৭ নজেম্বর ২০২৪, ১২:১৭ শিরম । আগচেট : ০৭ নজেম্বর ২০২৪, ১২:১৭ শিরম

নাটোর সদর উপজেলায় বিদ্যুতের খুঁটির সঙ্গে বেঁধে নির্যাতনের সাত দিন পর সাইদুর রহমান ওরফে বাবু (৪৫) নামের এক যুবলীগ নেতার মৃত্যু হয়েছে।



বুধবার (৬ নভেম্বর) রাতে রাজশাহী মেডিকেল কলেজ

হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।





S DT D

English Q ≡ ৫দেশ দেৱন লেৱন ফ্রিন্টা হ

নিহত সাইদুর রহমান সদর উপজেলার দরাপপুর গ্রামের বাসিন্দা ও ৮ নম্বর ওয়ার্ড যুবলীগের সভাপতি ছিলেন।

জানা গেছে, আওয়ামী লীগ সরকারের পতনের পর সাইদুর রহমান ও তার ভাইদের বাড়িঘরে হামলা হয়। এরপর থেকে তিনি ও তার ভাইয়েরা আত্মগোপনে ছিলেন। ৩০ অষ্টোবর এলাকার একটি বাড়ি থেকে সাইদুরকে আটক করা হয়। এরপর তাকে নিয়ে যাওয়া হয় দরাপপুর বাজারে। সেখানে প্রকাশ্যেই বৈদ্যুতিক খুঁটির সঙ্গে বেঁধে রড ও লাঠি দিয়ে পেটানো হয়। ওই দিন বিকেলে তাকে নাটোর সদর হাসপাতালে নেওয়া হয়। সেখান থেকে তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে চিকিৎসাধীন অবস্থায় বুধবার রাত পৌনে ৮টার দিকে তার মৃত্যু হয়।

সাইদুরের ভাই ও স্থানীয় কৃষক লীগ নেতা ইসলাম নান্নুর দাবি, তার ছোট ভাইকে বিএনপি নেতাকর্মীরা পরিকল্পিতভাবে পিটিয়ে হত্যা করেছে। তিনি এখনও আত্মগোপনে আছেন।





English



নাম প্রকাশ না করার শর্তে স্থানীয় বিএনপির কয়েকজন নেতাকর্মী সংবাদমাধ্যম প্রথম আলোকে বলেন, "সাইদুর রহমান বিগত সরকারের আমলে বিএনপির অসংখ্য নেতাকর্মীদের ওপর জুলুম-নির্যাতন চালিয়েছেন। অনেককেই গাছের সঙ্গে বেঁধে রেখে নির্যাতন করে অর্থ আদায়ের অভিযোগও আছে তার বিরুদ্ধে। এসব কারণে সাইদুরের ওপর স্থানীয়দের ক্ষোড তৈরি হয়েছিল।"

1 (and (and) 1 (and) 1 and 1 (and 1

তবে এ ঘটনায় থানায় বৃহস্পতিবার সকাল পর্যন্ত কোনো লিখিত অভিযোগ দেওয়া হয়নি বলে জানিয়েছেন নাটোর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহবুর রহমান।

অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন তিনি।



সিরাজগঞ্জ: তিন মাসেরও বেশি সময় আত্মগোপনে থাকার পর এলাকায় আসতেই সিরাজগঞ্জের কাজিপুর উপজেলার নাটুয়ারপাড়া ইউনিয়ন যুবলীগের সভাপতি দুলাল সরকারকে (৪৬) কুপিয়ে জখম করেছে দুর্বৃত্তরা। বর্তমানে তিনি গুরুতর অবস্থায় বহুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।



দুলাল সরকার যমুনার চরাঞ্চল নাটুয়ারপাড়া ইউনিয়ন যুবলীগের সভাপতি ও একই ইউনিয়ন পরিষদের সাবেক সদস্য। তিনি দক্ষিণ নাটুয়ারপাড়া গ্রামের মৃত শমসের আলীর ছেলে।

আহত দুলাল সরকারের স্বজন ও প্রত্যক্ষদর্শীরা জানান, গত ৫ আগস্ট শেখ হাসিনার সরকারের পতনের পর দুলাল সরকার বাড়ি ছেড়ে আত্মগোপনে চলে যান। গত রোববার (১০ নভেম্বর) সন্ধ্যার পর তিনি নৌকায় করে যমুনা নদী পার হয়ে নাটুয়ারপাড়া নৌকাঘাটে পৌঁছান।

এসময় বিএনপির কয়েকজন নেতাকর্মী তাকে কুপিয়ে জখম করেন। পরে স্থানীয়দের মাধ্যমে খবর পেয়ে স্বজনরা তাকে উদ্ধার করে বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান।

বুধবার (১৩ নভেম্বর) আহত দুলালের মেয়েজামাই লিখন বাবু জানান, তার শৃওরের অবস্থা আশঙ্কাজনক। এখনো জ্ঞান ফেরেনি তার। চিকিৎসকরা বলেছেন, মাথায় আঘাতের কারণে রক্ত জমাট বেঁধে আছে। হাত, পা ও বুকসহ শরীরের বিভিন্ন স্থানে গুরুতর জখম হয়েছে।



কাজিপুর উপজেলা বিএনপির সভাপতি মো. সেলিম রেজা অভিযোগ অস্বীকার করে বলেন, যুবলীগ নেতা দুলাল সরকারকে মারপিট করা হয়েছে। আমি পরে জানতে পেরেছি। হানীয় নেতাকর্মীদের সঙ্গে কথা বলে জেনেছি, বিএনপির কেউ তাকে মারপিট করেনি। কে বা কারা তাকে মারপিট করে ফেলে রেখে গিয়েছিল। পরে হানীয় বিএনপির লোকজন তাকে উদ্ধার করে স্বজনদের কাছে পাঠিয়েছে।

এ বিষয়ে জানতে চাইলে কাজিপুর থানার ভারপ্রান্ত কর্মকর্তা (ওসি) মো. নুরে আলম বলেন, বিষয়টি গুনেছি। তবে এ বিষয়ে এখনও কেউ থানায় অভিযোগ করেনি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বাংলাদেশ সময়: ১৭৩০ ঘণ্টা, নভেম্বর ১৩, ২০২৪ এসআই





নিহত তালভার শেখা। এপি: সংগ্রীর



Rights and Risks Analysis Group





Q 🚨 Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব 🤀 Eng 😑

রাজবাড়ী শহরের বিনোদপুর এলাকায় নিজ বাসার কাছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের সাবেক একজন নেতাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল মঙ্গলবার রাতে বিনোদপুর সর্বজনীন মন্দির ও স্থানীয় মুল্লাফের দোকানসংলগ্ন তিন রান্ডার মোড়ে এ ঘটনা ঘটে।

নিহত সাবেক ছাত্রলীগ নেতার নাম তানভীর শেখ (২০)। তিনি শহরের বিনোদপুর এলাকার বাবু শেখের ছেলে। তানভীর ডা. আবুল হোসেন বিশ্ববিদ্যালয় কলেজের এইচএসসি ছিতীয় বর্ষের শিক্ষার্থী ছিলেন। তিনি রাজবাড়ী পৌর ছাত্রলীগের অধীন ও নম্বর ওয়ার্ড ছাত্রলীগের সাধারণ সম্পাদক ছিলেন। ওই কমিটির মেয়াদ ইতিমধ্যে শেষ হয়েছে।

তানভীর শেখকে কারা কুপিয়ে হত্যা করেছেন, তা এখনো নিশ্চিত হতে পারেনি পুলিশ। এ ঘটনায় এখন পর্যন্ত কেউ ঘেণ্ডার বা আটক হননি। তানতীরের লাশ ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের মর্গে আছে। পুলিশের ধারণা, আগের কোনো বিরোধের জেরে প্রতিপক্ষ তানতীরকে হত্যা করেছে।

Sensiver:



স্থানীয় লোকজনের সঙ্গে কথা বলে জানা যায়, গতকাল রাত ৯টার দিকে নিজ বাসা থেকে প্রায় ১০০ গজ দরে বিনোদপুর সর্বজনীন মন্দির ও স্থানীয় মুন্নাফের দোকানসংলগ্ন তিন রাস্তার মোড়ে তানভীর তাঁর এক বন্ধর সঙ্গে আড্ডা দিছিলেন। এ সময় ১০ থেকে ১২ জন তরুণ আকস্মিকভাবে এসে দুই বন্ধুর গলায় অস্তু ঠেকিয়ে তানভীরের পেটে ও পিঠে উপর্যুপরি ছরিকাঘাত করতে থাকেন। তানভীর মাটিতে লুটিয়ে পডলে হত্যাকারীরা দ্রুত এলাকা ত্যাগ করেন। তানভীর ও তাঁর বছর চিংকার শুনে স্থানীয় লোকজন এসে রক্তাক্ত অবস্থায় তানভীৱকে উদ্ধার করে প্রথমে রাজবাড়ী সদর হাসপাতালে নিয়ে যান। অবস্থার অবনতি হওয়ায় প্রাথমিক চিকিৎসা দিয়ে তাঁকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে তিনি মারা যান।



বিজ্ঞাপন





ন্থানীয় কয়েকজন জানান, প্রায় দুই থেকে তিন মাস আগে তুচ্ছ একটি বিষয় নিয়ে স্থানীয় কয়েকজনের সঙ্গে তানভীরের বিরোধ তৈরি হয়। বিরোধের জেরে তাঁকে কুপিয়ে হত্যা করা হয়েছে। এই হত্যাকাণ্ডে স্থানীয় দুই থেকে তিনজন এবং দাদশী ইউনিয়নের ছয় থেকে সাতজন অংশ নিয়েছেন বলে জানা যায়। এ ঘটনায় পরিবার থেকে থানায় মামলা করার প্রস্তুতি নেওয়া হচ্ছে।

রাজবাড়ী সদর থানার ভারপ্রান্ত কর্মকর্তা মো. মাহমুদুর রহমান বলেন, থবর পেয়ে রাতেই অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) মুকিত সরকারসহ তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন। তানতীরের লাশ এখনো ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে আছে। ময়নাতদন্ত শেযে দুপুর নাগাদ লাশ আসতে পারে। পরিবার থেকে এখনো কোনো অতিযোগ দেওয়া হয়নি। অতিযোগ পেলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

14441994

198



নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার চরকাঁকড়া ইউনিয়নে নাজমুল হাসান রনি (৩৫) নামে এক যুবলীগের নেতাকে এলোপাথাড়ি পিটিয়ে ও কুপিয়ে জখম করেছে হেলমেট পরিহিত দুর্বৃত্তরা।বুধবার রাত সাড়ে ৮টার দিকে চরকাঁকড়া ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের শাখায়াতের দোকানের পাশে এ হামলার ঘটনা ঘটে।

Rights and Risks Analysis Group





🔁 ফটো গ্যালারি 📾 ই-পেপার 🕻 নাইট মোড

আহত নাজমুল হাসান রনি উপজেলার চরকাঁকড়া ইউনিয়নের আওয়ামী লীগ নেতা মো.আনিস মিয়ার ছেলে। তিনি চরকাঁকড়া ইউনিয়ন যুবলীগের সাবেক সাধারন সম্পাদক ছিলেন।



নাজমুল হাসান রনির ছোট ভাই শাহাদাত হোসেন পিংকু বিষয়টি নিশ্চিত করে বলেন,বুধবার রাত সাড়ে ৮টার দিকে তার ভাই দোকানের দিকে যাচ্ছিলেন। এ সময় মটরসাইকেলে আসা হেলমেট পরিহিত একদল দুর্বৃত্ত রনির ওপর অতর্কিতে হামলা চালায়। এ সময় তারা রনিকে এলোপাথাড়ি পিটিয়ে ও কুপিয়ে জখম করে ফেলে রেখে যায়।

পরে স্থানীয় লোকজন গুরুতর আহত অবস্থায় রনিকে উদ্ধার করে কোম্পানীগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে ক্রিক চিকিৎসা শেষে কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎস্টেন্য নোয়াখালী জেনারেল হাসপাতালে পাঠানো হয় ।



Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations



সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য



পাবনা প্রতিনিধি

প্রকাশ : ১৮ নভেম্বর ২০২৪, ১২:১০ পিএম আপডেট : ১৮ নভেম্বর ২০২৪, ১২:১০ পিএম



পাৰনার ঈশ্বরনীতে মানিক হোসেন নামে এক যুবলীগ কর্মীকে হত্যা

পাবনার ঈশ্বরদীতে মানিক হোসেন নামে এক যুবলীগ কর্মীকে গুলির পর কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার (১৮ নভেম্বর) সকাল পৌনে ৭টার দিকে পাবনা কুন্টিয়া মহাসড়কের রূপপুর মোড় এলাকায় এ ঘটনা ঘটে।





দেন্দা রূপান্তর

সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য

পাবনার সম্মানাতে মানক হোসেন নামে এক বুবলাগ কমাকৈ হত।

পাবনার ঈশ্বরদীতে মানিক হোসেন নামে এক যুবলীগ কর্মীকে গুলির পর কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা। সোমবার (১৮ নভেম্বর) সকাল পৌনে ৭টার দিকে পাবনা কুষ্টিয়া মহাসড়কের রূপপুর মোড় এলাকায় এ ঘটনা ঘটে।



নিহত যুবলীগ কর্মী মানিক ঈশ্বরদী উপজেলার পাকশী ইউনিয়নের রূপপুর গ্রামের ইউনুছ আলীর ছেলে। তিনি যুবলীগের সক্রিয় কর্মী ছিলেন।







দেশ রূপান্তর

সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য

প্রত্যক্ষদর্শীরা জানান, একটি হত্যা মামলায় জেল থেটে গত তিন—চারদিন আগে জামিনে বাড়িতে এসেছিলেন মানিক। সকালে বাড়ির সামনে দাঁড়িয়ে কথা বলছিলেন তিনি। এ সময় কয়েকটি মোটরসাইকেলে করে অচেনা আট—১০ জন সেখানে এসে মানিককে লক্ষ্য করে পরপর চারটি গুলি ছোড়েন। এতে মানিক মাটিতে লুটিয়ে পড়লে রামদা ও চাপাতি দিয়ে মানিককে এলোপাতাড়ি কোপাতে থাকেন তারা। এসময় স্থানীয় লোকজন এগিয়ে এলে তারা দ্রুত পালিয়ে যান। ঘটনাস্থলেই মানিকের মৃত্যু হয়।

ঈশ্বরদী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শহিদুল ইসলাম শহীদ জানান, পূর্ব শক্রতার জের ধরে তাকে হত্যা করা হয়েছে বলে প্রাথমিক অনুসন্ধানে জানা গেছে। মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাবনা মেডিকেল কলেজ হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। হত্যাকারীদের শনাক্ত করতে কাজ করছে পুলিশ।











সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য



২০২৩ সালের ১৭ জুন ঈশ্বরদীতে পদ্মা নদীর অবৈধ বালু ব্যবসাকে কেন্দ্র করে পাকশী ইউনিয়ন ছাত্রলীগের কর্মী তাফসির আহমেদ মনা খুন হন। সেই মামলার এজাহারভুক্ত আসামি যুবলীগ কর্মী মানিক। ২০২৩ সালের ১৮ সেপ্টেম্বর পুলিশের হাতে গ্রেপ্তার হওয়ার পর জেলহাজতেই ছিলেন মানিক। সম্প্রতি জামিনে বের হয়েই খুন হলেন তিনি।

0 comments

Sort by Newest ~

Add a comment....





নিহত মো. দেলেয়ার হোসেন। এনি: সংগ্রুটিভ

চউগ্রামের সাতকানিয়ায় দুর্বৃত্তদের ধারালো অন্নের আঘাতে আহত যুবলীগ কর্মী মো. দেলোয়ার হোসেন (৪৫) চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন। আজ সোমবার বিকেলে চউগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়েছে।

দেলোয়ার হোসেন উপজেলার চরতি ইউনিয়নের ৮ নম্বর ওয়ার্ডের দক্ষিণ চরতির আলী চানপাড়া এলাকার মৃত আহমদ হোসেনের ছেলে। তিনি স্থানীয় ইউপি সদস্য ও যুবলীগের নেতা মোহাত্মদ সাইফুল ইসলামের সহযোগী হিসেবে এলাকায় পরিচিত ছিলেন।





পুলিশ ও নিহত দেলোয়ার হোসেনের পারিবারিক সূত্রে জানা গেছে, ১৮ নভেম্বর সন্ধ্যা সাড়ে সাতটার দিকে চরতির কাটাখালী ব্রিজ এলাকায় ইউপি সদস্য সাইফুল ইসলামের ব্যক্তিগত কার্যালয়ের সামনে যুবলীগ কর্মী দেলোয়ার যোসেনসহ কয়েকজন ব্যক্তি গল্প করছিলেন। এ সময় মুখোশ পরা কয়েকজন দুর্বৃত্ত এসে দেলোয়ার হোসেনকে জোরপূর্বক একটি সিএনজিচালিত অটোরিকশায় তুলে উপজেলার আমিলাইয এলাকার দিকে নিয়ে যান। পরে তার শরীরের বিভিন্ন জায়গায় ধারালো অপ্র দিয়ে আঘাত করে তাঁকে আমিলাইযের মাঝের মসজিদ এলাকায় ফেলে রেখে চলে যান দুর্বৃত্তরা। স্থানীয় লোকজন গুরুতের আহত দেলোয়ার হোসেনকে উদ্ধার করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেন। সেখানে চিকিৎসাধীন ছিলেন তিনি।









নিহত দেলোয়ার হোসেনের বড় ছেলে মো. সাইমুন হাবিব প্রথম আলোকে বলেন, 'আমার বাবা একসময় বিএনপির সমর্থক ছিলেন। আওয়ামী লীগ সরকারের আমলে যুবলীগের মিটিং-মিছিলে অংশগ্রহণ করতেন। সম্প্রতি তিনি ফেসবুক লাইতে এসে আওয়ামী লীগ ও শেখ হাসিনার পক্ষে কিছু কথাবার্তা বলেছেন। তাই বিভিন্ন সময়ে প্রতিপক্ষ রাজনৈতিক দলের নেতা-কর্মীরা আমার বাবাকে হুমকি-ধমকি দিতেন। যাঁরা আমার বাবাকে হুমকি-ধমকি দিয়েছেন, তাঁরাই আমার বাবাকে কুপিয়ে ও ছরিকাঘাত করে হত্যা করেছেন।'





সাতকানিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মোন্ডফা কামাল খান রাত সাড়ে আটটার দিকে প্রথম আলোকে বলেন, দেলোয়ার হোসেন নিহত হওয়ার ঘটনায় এখন পর্যন্ত থানায় কেউ অভিযোগ করেননি। দেলোয়ার হোসেনের লাশ ময়নাতদন্ত শেষে আগামীকাল মন্দলবার পরিবারের কাছে হস্তান্তর করা হবে। এ ঘটনায় কারা জড়িত, তা তদন্ত করে আইনগতভাবে ব্যবস্থা নেওয়া হবে।



বাংলাদেশ থেকে আরও পড়ন

10000-0101

STATE!

চটগ্ৰাম বিভাগ

209

সাঙকানিয়া

COLUMN TWO IS

100

36





ANNEX-55

* সারাদেশ >> স্বামী-জ্রী পরিচয়ে ওঠেন হোটেলে, পরদিন মিলল যুবলীগ নেতার লাশ

স্বামী-স্ত্রী পরিচয়ে ওঠেন হোটেলে, পরদিন মিলল যুবলীগ নেতার লাশ



েক্ষরদেশীস পেশ



Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations





C HARM: 20 HORNE 2028 | 25:25 | MIMORT: 20 HORNE 2028 | 20:00



 \odot \odot \oplus \oplus

গোপালগঞ্জের একটি রেপ্তোরাঁর আবাসিক কক্ষে ফেরদৌস শেখ (৪৫) নামে এক যুবকের লাশ পাওয়া গেছে। বুধবার রাতে সদর উপজেলার পাথালিয়া এলাকার পিঠা গার্ডেন থেকে তাঁর লাশ উদ্ধার করে পুলিশ। পরে ময়নাতদন্তের জন্য মরদেহ গোপালগঞ্জ ২৫০ শয্যার জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়।

ফেরদাউস শেখ জেলার টুঙ্গিপাড়া উপজেলার ডুমুরিয়া ইউনিয়নের বাঁশবাড়িয়া পার ঝনঝনিয়া গ্রামের বাসিন্দা। তাঁর গরুর খামার রয়েছে। ইউনিয়ন যুবলীগের সভাপতি পদপ্রত্যাশী ছিলেন। তাঁর ভাই মিজানুর রহমানের অভিযোগ, পরিকল্পিতভাবে এ হত্যাকাণ্ডটি ঘটানো হয়েছে।

211









মহাসড়কের পাশে। এটি রেস্তোরাঁ হলেও রাতে থাকার জন্য কক্ষ রয়েছে। এলাকাবাসীর অভিযোগ, রেস্তোরাঁটির আবাসিক কক্ষে অসামাজিক কার্যকলাপ চলত।

জানা গেছে, মঙ্গলবার এক নারীকে নিয়ে সেখানকার একটি কক্ষে ওঠেন ফেরদৌস। বুধবার রাতে তাদের সেই কক্ষ ছেড়ে দেওয়ার কথা ছিল। বিকেল পর্যন্ত তাদের কোনো থোঁজ না পেয়ে রেন্তোরাঁর কর্মকর্তারা কক্ষে গিয়ে ফেরদৌসের লাশ দেখতে পান। তাদের ভাষ্য, এর আগেই ওই নারী পালিয়ে যান।

ভাই মিজানুরের ভাষ্য, জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের কেন্দ্রীয় সভাপতি এস এম জিলানীর গাড়িবহরে হামলা ও গাড়ি পোড়ানোর অভিযোগে ১২ নভেম্বর একটি মামলা হয়। এতে ফেরদাউস শেখকে আসামি করা হয়। এ কারণেই তাঁকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে তারা সন্দেহ করছেন।

মিজানুর রহমান বলেন, 'মঙ্গলবার সন্ধ্যায় আমার ভাই বাসা থেকে বের হয়। একসঙ্গে ভাত খাওয়ার জন্য রাত ৯টার দিকে মোবাইল ফোনে কল দিই। আমাকে বলল, 'টুঙ্গিপাড়ায় বন্ধুর বাড়িতে আছি, পরে আসব।' সন্দ্র্লে তাঁর ফোনে কল দিলে বন্ধ পাই।' পরে গোপালগজ থানা থেকে লাশ উদ্ধারের <u>কথা জানায়।</u>







এক মাস আগে ফেরদাউস যমজ মেয়ের বাবা হয়েছেন জানিয়ে মিজানুর বলেন, দুই মেয়েকে নিয়ে পরিবারের সবাই আনন্দিত। নিম্পাপ দুটি বাচ্চা কিছু বুঝে ওঠার আগেই বাবাকে হারাল।

পিঠা গার্ডেনের স্বত্বাধিকারী ফারুক হোসেন বলেন, স্বামী-ক্রী পরিচয়ে দু'জন তাঁর হোটেলের কক্ষ ভাড়া নিয়েছিলেন। কর্মচারীরা কক্ষ বন্ধ দেখে ডাকাডাকি করেন। সাড়া না পেয়ে ভেতরে ঢুকে ওই ব্যক্তির লাশ দেখতে পান। কীভাবে তিনি মারা গেছেন, তা জানা নেই।

বৃহস্পতিবার দুপুরে ময়নাতদন্ত শেষে ফেরদাউস শেখের লাশ পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করে পুলিশ। আসরের নামাজের পর বাঁশবাড়িয়া ঝনঝনিয়া মাদ্রাসা মাঠে তাঁর জানাজা শেষে পারিবারিক কবরস্থানে সিম্পু করা হয়।



MAK



গোপালগঞ্জ সদর থানার ওসি মীর সাজেদুর রহমান বলেন, বুধবার দুপুরে পিঠা গার্ডেনের ব্যবস্থাপক তুহিন মোল্লা থানায় এসে জানান, মঙ্গলবার রাতে স্বামী-স্ত্রী পরিচয়ে হোটেলের কক্ষ ভাড়া নেন এক ব্যক্তি। বুধবার সকালে নারীটি কৌশলে বেরিয়ে যান। দুপুরেও ওই ব্যক্তি কক্ষ থেকে বের না হলে কর্মীরা লাশ দেখতে পান। সিসিটিভি ফুটেজ দেখেও ব্যবস্থাপকের কথার সত্যতা মিলেছে। বৃহস্পতিবার লাশের ময়নাতদন্ত হয়েছে। তবে শরীরে আঘাতের চিহ্ন পাওয়া যায়নি। বাকি তথ্য প্রতিবেদন পেলে জানা যাবে।



চ্ছেলের সঙ্গে অরিনা থেগম



প্রকাশ : ০৬ ডিসেম্বর ২০২৪, ০১:৪৫ পিত্রম আপডেট : ০৬ ডিসেম্বর ২০২৪, ০৪:১২ পিএম

পঞ্চগড প্রতিনিধি

ছাত্রলীগ নেতার মাকে নামাজ পড়া অবস্থায় পেছন থেকে আঘাত করে হত্যা

ANNEX-56







Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations




দেশ রূপান্তর

সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য

পঞ্চগড়ের বোদা উপজেলায় নামাজরত অবস্থায় অরিনা বেগম (৪৫) নামে এক নারীকে হত্যার অভিযোগ উঠেছে। গতকাল বৃহস্পতিবার (৫ ডিসেন্দর) সাড়ে রাত ১০টায় উপজেলার কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়নের কালিয়াগঞ্জ এলাকায় এ ঘটনাটি ঘটে। খবর পেয়ে বোদা থানা পুলিশ ঘটনাস্থল থেকে মরদেহ উদ্ধার করে।



শুক্রনার (৬ ডিসেম্বর) সকালে নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য পঞ্চগড় আধুনিক সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে বলে জানিয়েছে পুলিশ। এ ঘটনায় নিহতের পরিবারের পক্ষ থেকে মামলার প্রন্তুতি চলছে বলে জানা গেছে। নিহত অরিনা ওই এলাকার আবল কালামের স্ত্রী।



Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations

(4~ 49134



সর্বশেষ জাতীয় রাজনীতি দেশ খেলা বাণিজ্য

জানা যায়, নিহত অরিনার বড় ছেলে চাকরি সুবাদে ঢাকায় থাকেন। তার আরেক ছেলে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের কাজলদিঘী কালিয়াগঞ্জ ইউনিয়ন সভাপতি। রাজনৈতিক কারণে তিনি পলাতক রয়েছেন বলে জানা গেছে।

পুলিশ ও স্থানীয়দের সূত্রে জানা যায়, বৃহস্পতিবার রাতে নিজের ঘরে এশার নামাজ আদায় করছিলেন অরিনা বেগম। ওই সময় ঘরে ঢুকে দুর্বৃত্তরা তার মাথায় ধারালো অন্ত্র দিয়ে একের পর এক আঘাত করে। এতে মাটিতেই রক্তাক্ত অবস্থায় লুটিয়ে পড়ে অরিনা।



বোদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আজিম উদ্দীন বলেন, ঘটনার পরে ওই এলাকায় গিয়েছিলাম। সূরতহালে নিহতের মাথায় ধারালো অন্দ্রের আঘাতের চিহ্ন রয়েছে। তার মাথায় একাধিক আঘাত করা হয়েছে। আমরা মরদেহ ময়নাতদন্তে পাঠিয়েছি। এখনোয় মামলার প্রস্তুতি চলছে।



218

আগুনে পুড়ে মাওয়া খর। ছবি: আজকের পত্রিকা





আকাশ : ৩৬ জিসেম্বর ২০২৪, ১৪: ১০ আগডোট : ০৬ ভিসেম্বর ২০২৪, ১৫: ৫৫

মৌলভীবাজার জেলা যুবলীগ নেতার বাড়িতে গভীর রাতে আগুন, মা ও চাচি নিহত

💏 > সারা দেশ > সিলেট





মৌলভীবাজার জেলা যুবলীগের সহসভাপতি শেখ রুমেল আহমদের বাড়িতে মধ্যরাতে অগ্নিকাণ্ডে দুজনের মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার দিবাগত রাতে এই ঘটনায় দগ্ধ হয়ে ঘরে থাকা তাঁর মা শেখ মেহেরুরেসা (৬৫) ও চাচি ফুলেছা বেগম (৬০) মারা গেছেন।

শেখ রুমেল সদর উপজেলার মোন্তফাপুর ইউনিয়ন পরিষদের (ইউপি) সাবেক চেয়ারম্যান।

রূমেল আহমদের মামা মকছুছ মিয়া বলেন, বাড়িতে রূমেলের মা ও চাচি থাকতেন। সিকিউরিটি গার্ড থাকতেন আলাদা রূমে। গতকাল দিবাগত রাত এটার দিকে বাড়িতে আগুন স্কুলতে দেখেন সিকিউরিটি গার্ড। পরে আশপাশের লোকজন ও মসজিদের মাইকে বিষয়টি জানানো হয়। খবর দিলে ফায়ার সার্ভিসের লোকজন গিয়ে আগুন নিয়ন্ত্রণ আনে।

বাড়ির পাশে পাঁচ লিটারের একটি বোতলে কিছু পেট্রল পাওয়া গেছে বলে দাবি করেন মকছুছ।





এদিকে আত্মগোপনে থাকা জেলা যুবলীগের সহসভাপতি রূমেল আহমদ ফেসবুকে লিথেছেন, 'আমার বাড়িতে এক মর্মান্তিক অগ্নিকাণ্ডের দুর্ঘটনায় আমার আন্দ্রা শেখ মেহেরুলেছা ও আমার চাচি ইন্ডেকাল করেছেন। প্রিয় মোন্তফাপুর ইউনিয়ন ও মৌলভীবাজারবাসী, আমি এর বিচার সর্বোচ্চ কিছুর মালিক আল্লাহর কাছে দিলাম।'



340



মৌলভীবাজার ফায়ার সার্ভিসের কর্মকর্তা যিশু তালুকদার বলেন, 'রাতে আগুন লাগার খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যাই। এ সময় বাড়ির একটি কক্ষের দরজা ভেঙে ভেতরে থাকা মেহেরুরেসা ও ফুলেছা বেগমকে উদ্ধার করে মৌলভীবাজার হাসপাতালে পাঠানো হলে কর্তব্যরত চিকিৎসক দুজনকেই মৃত যোষণা করেন। ধারণা করছি, ধোঁয়ায় দম বন্ধ হয়ে তাঁদের মৃত্যু হয়েছে।'



আগুনে পুড়ে যাওয়া ঘর। হবি: আজকের পত্রিকা

এ বিষয়ে জানতে চাইলে মৌলভীবাজারের (সদর সার্কেল) অক্রিক পুলিশ সুপার মো. আজমল হোসেন আজকের ক বলেন, ময়নাতদন্তের জন্য দুজনের লাশ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। কীভাবে আগুন লেগেশ্য তা তদন্ত করে দেখা হচ্ছে।



<u>ইপেপার</u> সর্বশেষ জাতীয় রাজনীতি বিশ্ব <mark>সা</mark>

মৌলভীবাজার মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) গাজী মাহবুবুর রহমান বলেন, ঘটনা তদন্তে সিলেট থেকে বিশেষ টিম এসেছে। তারা বিষয়টি তদন্ত করে দেখছে। একই সঙ্গে স্থানীয় পুলিশ প্রশাসন ও ফায়ার সার্ভিসও আগুন লাগার কারণ অনুসন্ধান করছে।

বাড়ির পাশে ব্যেতলে পেট্রল পাওয়ার দাবির বিষয়ে ওসি বলেন, ব্যেতলে ডিজেল ছিল। এখন আমন ধান ঘরে তোলার মৌসুম। ধান মাড়াইয়ের মেশিনে ব্যবহারের জন্য কেউ ডিজেলের ব্যেতল এনে থাকতে পারে। এরপরও বিষয়টি থতিয়ে দেখা হয়েছ।

ওসি আরও বলেন, এ ঘটনায় এখনো থানায় কেউ অভিযোগ জানায়নি।





নাডোলে মাসুদ য়ানা ও রায়হানকে 'জন্ব বাংলা' লেখার কারণে হন্ডা করা হয়েছে বলে অ্যান্ডয়ামী লীগ দাবি করছে।



DU BERNE, LOLS . DIGH . MEMORY: LA BERNE, LOLA . LOIBA



effects, top affect, upda







টাপাইনবাবগঞ্জের নাচোলে মো. মাসুদ রানা (২১) নামে এক যুবককে ও মো. রায়হান (১২) এক কিশোরকে কুপিয়ে হত্যা করা হয়েছে।

মঙ্গলবার রাত সাড়ে ১১টার দিকে মল্লিকপুর বাজারে আক্রান্ত হয়েছিলেন তারাসহ কয়েকজন। রক্তাক্ত অবস্থায় তাদের উদ্ধার করে চাঁপাইনবাবগঞ্জ জেলা হাসপাতালে নিচ্ছিল স্থানীয়রা। তবে পথেই মাসুদ ও রায়হান মারা যান।

তাদের নিহত হওয়ার ঘটনাটি এসেছে ছাত্র-জনতার অন্থ্যখানে পাঁচ মাস আগে ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের ফেইসবুক পাতায়। সেখানে দাবি করা হয়েছে, 'জয় বাংলা' স্লোগান দেয়ালে লেখার কারণে তাদের হত্যা করা হয়েছে।

মাসুদ ও রায়হান ছাত্রলীগের কর্মী ছিলেন বলে দাবি করা হয়েছে সেই ফেইসবুক পোস্টে। অভ্যুত্থানের পর ক্ষমতায় বসা অন্তর্বতীকালীন সরকার আওয়ামী লীগের ছাত্র সংগঠনটিকে নিষিদ্ধ করে।

এদিকে আওয়ামী লীগ মাসুদ ও রায়হানকে যেভাবে চিত্রিত করছে, তা ঠিক নয় বলে জানিয়েছেন তাদের স্বজনরা।

পুলিশ বলছে, দেয়াল লিখন নয়, ফেইসবুকে একটি ভিডিও পোস্ট করাকে কেন্দ্র করে কিশোরদের দুপক্ষের সংঘর্ষে প্রাণ হারান রানা ও রায়হান।

নিহত মাসুদ চাঁপাইনবাবগঞ্জের নাচোল উপজেলার খলশী গ্রামের মো. এজাবুল হকের ছেলে। রায়হান একই গ্রামের বাগানপাড়ার আব্দুর রহিমের ছেলে।









আওয়ামী লীগ যেভাবে দেখাচ্ছে

আওয়ামী লীগের ফেইসবুক পাতায় মঙ্গলবার মধ্যরাতেই এক পোস্টে মাসুদ ও রায়হানের মৃত্যুর খবর দিয়ে লেখা হয়, "চাপাইনবাবগঞ্জের দুই ছাত্রলীগের নেতা কর্মীকে 'জয় বাংলা' স্লোগান দেয়ালে লেখার অপরাধে #কুপিয়ে #হত্যা করা হয়েছে।"

সেখানে মাসুদ রানার পরিচয় দেওয়া হয়েছে- সভাপতি, বাংলাদেশ ছাত্রলীগ, ইলেকট্রিকাল ডিপার্টমেন্ট শাখা, টাপাইনবাবগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট। সহ- সম্পাদক, নাচোল উপজেলা ছাত্রলীগ।

রায়হানের পরিচয় দেওয়া হয়েছে- কর্মী, নাচোল উপজেলা ছাত্রলীগ।

এই হত্যাকাণ্ডের জন্য জুলাই অভ্যুত্থানকারীদের দিকে অভিযোগের আঙুল তুলে সেই পোস্টে লেখা হয়েছে- "এই দুইজনকে ফতেপুর ইউনিয়নের মল্লিকপুর বাজারে রাত আনুমানিক ১০:৩০ মিনিটে #কুপিয়ে #হত্যা করে ইউনুসের সমর্থক সন্ত্রাসীরা।"

দেড় দশক ধরে ক্ষমতায় থাকা আওয়ামী লীগের সরকারের পতন ঘটে গত ৫ আগস্ট। অভ্যুত্থানের মুখে পালিয়ে ভারতে আশ্রয় নেন শেখ হাসিনা।

আওয়ার্মী লীগের শীর্ষ নেতারা কারাগারে কিংবা অপ্রকাশ্যে থাকায় এই পোস্টের বিষয়ে তাদের কোনও বক্তব্য সকাল সন্ধ্যা জানতে পারেনি।

৫ আগস্টের পর থেকে চাপে থাকা আওয়ামী লীগ তাদের বক্তব্য-বিবৃতি ফেইসবুকে এলেও তা কোথা থেকে পরিচালিত হচ্ছে, তাও জানা যাচ্ছ<u>েনা।</u>



Beta

111144 UH-U



অন্থ্যখানে নেতৃত্ব দেওয়া বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন 'ফ্যাসিবাদী' আওয়ামী লীগকে বাংলাদেশে রাজনীতিতে ফিরতে দেওয়ার পক্ষপাতি নয়। তাদের চাপেই ছাত্রলীগকে নিষিদ্ধ করে ড. মুহাম্মদ ইউনুস নেতৃত্বাধীন অন্তর্বতীকালীন সরকার।

এদিকে মুক্তিযুদ্ধের স্লোগান 'জয় বাংলা'কে জাতীয় স্লোগান ঘোষণা করে আওয়ামী লীগ আমলে হাই কোর্টের যে রায় হয়েছিল, রাজনৈতিক পট পরিবর্তনের পর সম্প্রতি আপিল বিভাগ ডা স্থগিত করে।

আওয়ামী লীগ দাবি করছে, ইউনুস নেতৃত্বাধীন সরকার মুক্তিযুদ্ধের চেতনার বিপরীতে বাংলাদেশকে নিয়ে যাচ্ছে। আর তার ধারাবাহিকতায় 'জন্ম বাংলা'র পক্ষের মানুষের ওপর হামলা হচ্ছে।

কী বলছে মাসুদ-রায়হানের স্বজনরা

১২ বছরের রায়হান কোনও রাজনৈতিক দল কিংবা সংগঠনে জড়িত ছিল না বলে জানিয়েছেন তার বাবা আব্দুর রহিম। তার পাঁচ ছেলের মধ্যে সবার ছোট রায়হান। সে স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম শ্রেণিতে পড়ত।

দেয়ালে স্লোগান লেখা নিয়ে রহিম **সকাল সন্ধ্যা**র জিজ্ঞাসায় বলেন, "আমার ছেলে প্রতিবস্কী। তার ঠোঁট ও তালু কাটা থাকায় ঠিকমতো কথাও বলতে পারে না। তাকে 'ক' লিখতে বললে 'খ' লিখে। সে জয় বাংলা লিখবে ক্যামনে?"

ছাত্রলীগে যুক্ত ছিল কি না- জানতে চাইলে তিনি বলেন, "আমার ছোট্ট ছেলে; আওয়ামী লীগ, বিএনপি, জামায়াত কী, সেটাও জানে না। তারে ছাত্রলীগের কর্মী বানাইলো কারা?"



Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations

1:59

Beta



भौगता, ३० जीतर, ५०५४

WITCH THE COULSENANCE HIS TIME

পুলিশ যা বলছে

'জয় বাংলা' লেখার কারণে মাসুদ ও রায়হানকে হত্যার খবরটি 'ফেইক' বলে উড়িয়ে দিচ্ছেন নাচোল থানার ওসি মনিরুল ইসলাম।

তাহলে কী কারণে এই হত্যাকাণ্ড ঘটল- জানতে চাইলে তিনি সকাল সন্ধ্যাকে বলেন, "ফেইসবুকে একটি ভিডিও পোস্ট করাকে কেন্দ্র করে এলাকার কিশোরদের দুই পক্ষের সংঘর্ষে এই ঘটনা ঘটেছে।"

এই ঘটনায় বুধবার বিকাল পর্যন্ত মামলা হয়নি। ময়নাতদন্ত শেষে নিহতদের লাশ পরিবারের কাছে হস্তান্তর করেছে পুলিশ। তাদের দাফনের প্রস্তুতি চলছে।

এই হত্যাকান্ড নিয়ে বুধবার দুপুরে জেলা পুলিশ সুপার কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন চাঁপাইনবাবগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার আবুল কালাম সাহিদ।

তিনি বলেন, পুরনো বিরোধ ধরে প্রতিপক্ষের হামলায় মাসুদ ও রায়হান খুন হয় বলে তারা জানতে পেরেছেন।

অতিরিক্ত এসপি আবুল কালাম বলেন, "নাচোলের খলশী গ্রামে পেয়ারাবাগানে কাজ করতেন সালাম ও শাহীন নামের দুই শ্রমিক। সম্প্রতি কাজ করার সময় শাহীন গোপনে সালামের প্রস্রাব করার ভিডিও ধারণ করে তা ফেইসবুকে পোস্ট করেন। এ নিয়ে দুজনের মধ্যে হাতাহাতি হয়।"

মঙ্গলবার রাতে সালামের সঙ্গে থাকার কারণেই রায়হান ও মাসুদ হামলায় পড়েছিলেন বলে জানান পুলিশ কর্মকর্তা আবুল কালাম।



efferit, vie affert, tooth





Beta

WINCH MIT WUR NAMED AS MINY I

পুলিশ যা বলছে

'জয় বাংলা' লেখার কারণে মাসুদ ও রায়হানকে হত্যার খবরটি 'ফেইক' বলে উড়িয়ে দিচ্ছেন নাচোল খানার ওসি মনিরুল ইসলাম।

তাহলে কী কারণে এই হত্যাকাণ্ড ঘটল- জানতে চাইলে তিনি সকাল সন্ধ্যাকে বলেন, "ফেইসবুকে একটি তিডিও পোস্ট করাকে কেন্দ্র করে এলাকার কিশোরদের দুই পক্ষের সংঘর্ষে এই ঘটনা ঘটেছে।"

এই ঘটনায় বুধবার বিকাল পর্যন্ত মামলা হয়নি। ময়নাতদন্ত শেষে নিহতদের লাশ পরিবারের কাছে হস্তান্তর করেছে পুলিশ। তাদের দাফনের প্রস্তুতি চলছে।

এই হত্যাকাণ্ড নিয়ে বুধবার দুপুরে জেলা পুলিশ সুপার কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন টাপাইনবাবগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার আবুল কালাম সাহিদ।

তিনি বলেন, পুরনো বিরোধ ধরে প্রতিপক্ষের হামলায় মাসুদ ও রায়হান খুন হয় বলে তারা জানতে পেরেছেন।

অতিরিক্ত এসপি আবুল কালাম বলেন, "নাচোলের খলশী গ্রামে পেয়ারাবাগানে কাজ করতেন সালাম ও শাহীন নামের দুই শ্রমিক। সম্প্রতি কাজ করার সময় শাহীন গোপনে সালামের প্রস্রাব করার ভিডিও ধারণ করে তা ফেইসবুকে পোস্ট করেন। এ নিয়ে দুজনের মধ্যে হাতাহাতি হয়।"

মঙ্গলবার রাতে সালামের সঙ্গে থাকার কারণেই রায়হান ও মাসুদ হামলায় পড়েছিলেন বলে জানান পুলিশ কর্মকর্তা আবুল কালাম।



Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations



সারাদেশ

নারায়ণগঞ্জে ছুরিকাঘাতে যুবক খুন







নিহত আহমেন সিয়াম।





ই-পেপার Q

নারায়ণগঞ্জের ফতুল্লায় আহমেদ সিয়াম নামে এক যুবককে কুপিয়ে হত্যা করা হয়েছে। শুক্রবার রাত ১০টায় ফতুল্লার শিহাচর তক্কারমাঠ এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত সিয়াম (১৮) ফতুল্লার পিলকুনী এলাকার পাঁচতলা বরিশাল টাওয়ার সংলগ্ন আব্দুল হালিম মিয়ার ছেলে।

নিহতের মা কাঞ্চন বেগম জানান, দুই মাস ধরে অসুস্থ ছিল সিয়াম। সুস্থ হওয়ার ১৫ দিন পর সিয়াম একটি হোসিয়ারি কারখানায় কাজে যোগ দেয়। শুক্রুবার রাত ১০টার দিকে কয়েকজন ছেলে বাসায় এসে তাকে জানায় সিয়ামকে দুর্বৃত্তরা কুপিয়েছে। খবর পেয়ে খানপুর হাসপাতালে গিয়ে সিয়ামের মৃতদেহ পেয়েছি। হত্যাকারীদের গ্রেফতার ও দৃষ্টান্ত মুলক শান্তি চাই।

স্থানীয়রা জানান, সিয়াম স্থানীয় ছাত্রলীগ নেতা শরিফ হোসেন শামীমের সঙ্গে ছাত্রলীগের সভা সমাবেশ করতেন। তবে ছাত্রলীগে সিয়ামের কোনো পদ পদবি নেই।

রাঙামাটির কাপ্তাই উপজেলার রাইখালী ইউনিয়ন যুবলীগের এক নেতাকে কুপিয়ে হত্যা করেছে দুর্বৃত্তরা।





কাপ্তাইয়ে যুবলীগ নেতাকে কুপিয়ে হত্যা

সারাদেশ > রাডামাটি



()

ANNEX-60





Rights and Risks Analysis Group

Q.

Q.

DHAKA P ST

সোমবার (২৩ ডিসেম্বর) রাতে উপজেলার রাইখালী ইউনিয়নের বালুখালী এলাকায় এ ঘটনা ঘটেছে বলে জানিয়েছেন রাইখালী ইউপি চেয়ারম্যান মংক্য মারমা।

জ্ঞানা গেছে, নিহত ওবায়েদ উল্লাহ (৪৩) উপজেলার ২ নম্বর রাইখালী ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি ছিলেন।



নিহত ওবায়েদ উল্লাহর ছেলে মো. আরিফ বলেন, সোমবার রাতে ওবায়েদ উল্লাহ কারিগরপাড়া বাজার থেকে নিজের দোকান বন্ধ করে বাসায় যাওয়ার পথে তাকে কুপিয়ে হত্যা করা হয়।



Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations



নিহত ওবায়েদ উল্লাহর ছেলে মো. আরিফ বলেন, সোমবার রাতে ওবায়েদ উল্লাহ কারিগরপাড়া বাজার থেকে নিজের দোকান বন্ধ করে বাসায় যাওয়ার পথে তাকে কুপিয়ে হত্যা করা হয়।

চন্দ্রঘোনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মুহাম্যদ শাহজাহান কামাল বলেন, নিহত ব্যক্তির রাজনৈতিক পরিচয় আমরা এখনো পাইনি। সোমবার রাত আনুমানিক সাড়ে ১০টা থেকে ১১টার মধ্যে রাইখালী ইউনিয়নের বালুখালী এলাকায় তাকে কুপিয়ে জখম করা হয়। আমরা ঘটনান্থল পরিদর্শন করেছি। মরদেহ চউগ্রামে ময়নাতদন্ত করা হচ্ছে।

মিন্ত মল্লিক/আরকে

চাকালোন্ট 🖸 চ্যানেল ফলো ককন

रुव्य

🕜 🛯 🥖 🕲 🕲 🔂 🖻

আগরেট: ২৯ ডিসেমর ২০২৪, ১০: ০৫ ০

প্রতিনিধি মলোৱা

হত্যা

যশোরে চায়ের দোকান থেকে তুলে নিয়ে আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে

জেলা





Rights and Risks Analysis Group



নিহত ডিয়াউদিন পদাশ। এবি মধ্যেতি

যশোরের অভয়নগর উপজেলায় এক আওয়ামী লীগ নেতাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। গতকাল শনিধার সন্ধ্যায় দুর্বৃত্তরা চায়ের দোকান থেকে তাঁকে ধরে নিয়ে যায়। রাতে উপজেলার নওয়াপাড়া বুড়িরঘাট এলাকায় আয়কর অফিসের পেছনে ধারালো অঙ্ক দিয়ে কুপিয়ে তাঁকে ফেলে রেখে যায়। এলাকার লোকজন তাঁকে উদ্ধার করে রাত ১০টা ১৫ মিনিটের দিকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

নিহত আওয়ামী লীগ নেতার নাম জিয়াউদ্দিন পলাশ (৪৫)। তিনি উপজেলার নওয়াপাড়া গ্রামের ইব্রাহিম হোসেন সরদারের ছেলে। তিনি নওয়াপাড়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ছিলেন। এ ছাড়া তিনি ওই ওয়ার্ডের সাবেক কাউন্সিলর ছিলেন।



এ ঘটনায় এলাকার লোকজন রইচ সিকদার (৩৫) নামের এক ব্যক্তিকে পিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছেন। গুরুতর আহত অবস্থায় তাঁকে খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

রইচ সিকদার উপজেলার নওয়াপাড়া গ্রামের সিদ্দিক সরদারের ছেলে। তিনি নওয়াপাড়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড বিএনপির প্রচার সম্পাদক। এ ছাড়া তিনি নওয়াপাড়া পৌর যুবদলের আহ্বায়ক কমিটির সদস্য।



Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations

Login







একজন প্রত্যক্ষদশী ও পুলিশ জানায়, গতকাল সন্ধ্যা সাড়ে সাতটার দিকে জিয়াউদ্দিন পলাশ নওয়াপাড়া গ্রামের তেঁতুলতলা মসজিদের পাশে একটি চায়ের দোকানে বসে চা পান করছিলেন। এ সময় রইচ সিকদারের নেতৃত্বে ১০ থেকে ১২ জন চায়ের দোকান থেকে জিয়াউদ্দিন পলাশকে ধরে নিয়ে যান। তারা তাঁকে নওয়াপাড়া বুড়িরঘাট এলাকায় আয়কর অফিসের পেছনে তৈরব নদের তীরে বালুর ভূপের ওপর নিয়ে যান। সেখানে তাঁরা তাঁকে ধারালো অন্ধ দিয়ে কুপিয়ে ও পিটিয়ে ফেলে রেখে যান। এলাকার লোকজন তাঁকে বুঁজে পেয়ে সেখান থেকে উদ্ধার করে রাত ১০টা ১৫ মিনিটের দিকে অতয়নগর উপজেলা স্বান্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এ সময় স্বান্থ্য কমপ্লেশ্বের জরুরি বিভাগের চিকিৎসক তাঁকে যুত ঘোষণা করেন।

বিজ্ঞাপন

🚨 Login

340





সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব 🔀 Eng 🚍

চিকিৎসক শোন্তন বিশ্বাস বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সে আনার আগে জিয়াউদ্দিন পলাশের মৃত্যু হয়েছে। তাঁর দুই পায়ের ইাটুর নিচে ধারালো অন্ত্রের একাধিক কোপের চিহ্ন রয়েছে। এ ছাড়া তাঁর দুই হাতের কবজিতে ভোঁতা অন্তের আঘাতের চিহ্ন রয়েছে। তাঁর পিঠে কয়েকটি লাঠির আঘাতের চিহ্ন রয়েছে।

এ ঘটনার পর পালিয়ে যাওয়ার সময় স্থানীয় লোকজন রইচ সিকদারকে ধরে পিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছেন। গুরুতর আহত অবস্থায় প্রথমে তাঁকে অভয়নগর উপজেলা বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। কিন্তু অবস্থার অবনতি হওয়ায় তাঁকে গতকাল রাতেই খুলনা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়।

অভয়নগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এমাদুল করিম বলেন, জিয়াউদ্দিন পলাশকে ধারালো অন্থ দিয়ে কুপিয়ে হত্যা করা হয়েছে। হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত একজনকে ধরা হয়েছে। অন্যদের ধরতে অভিযান চালানো হচ্ছে।

ওসি এমাদুল করিম আরও বলেন, কী কারণে তাঁকে হত্যা করা হয়েছে, তা এই মুহূর্তে বলা যাছে না। বিষয়টি তদন্ত করা হছে। লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য যশোর ২৫০ শয্যাবিশিষ্ট জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ব্যাপারে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।









নেতা খুন

নিজস্ব প্রতিনিধি

প্রকাশিত: ১০:১৪, ২৯ ডিসেম্বর ২০২৪





যশোরের অভয়নগরে সাবেক পৌর কাউন্সিলর ও আওয়ামী লীগ নেতা পলাশ শেখ (৪৮) খুন হয়েছেন। শনিবার (২৮ ডিসেম্বর) রাতে একদল সন্ত্রাসী তাকে কুপিয়ে হত্যা করে।







এ ঘটনায় জড়িত অভিযোগে একজনকে আটক করা হয়েছে। নিহত পলাশ অভয়নগর উপজেলার নওয়াপাড়া পৌরসভার ৪ নম্বর ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ছিলেন।

নির্ভরযোগ্য একাধিক সূত্র জানিয়েছে, শনিবার (২৮ ডিসেম্বর) রাত নয়টার দিকে একদল সন্ত্রাসী পলাশ শেখের ওপর হামলা চালায়। এরপর তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে হত্যা করে। পরে তার মরদেহ নওয়াপাড়া আয়কর অফিসের পেছন থেকে উদ্ধার করা হয়।

সূত্র জানায়, ঘটনার পরপরই স্থানীয় জনতা পলাশ হত্যার সাথে জড়িত অভিযোগে রইচ উদ্দীন নামে এক সন্ত্রাসীকে আটক করেন। গণপিটুনির পর তাকে পুলিশে সোপর্দ করা হয়। পরে ওক্নতর আহত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

অভয়নগর থানা পুলিশের ওসি মো. এমাদুল করিম জানান, সাবেক কাউন্সিলর পলাশকে সন্ত্রাসীরা হত্যা করে ফেলে রেখে যায়। খবর পেয়ে তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। এ ঘটনায় জড়িতদের অটকের চেষ্টা চলছে।



কক্সবাজার সমুদ্রসৈকতে খুলনার সাবেক কাউন্সিলরকে গুলি করে হত্যা

নিজস্ব প্রতিবেদক নারবাচন

জন্দাশা ৫৯ জানুয়ারি ২০২৫, ২২: ২৯











Q 🚨 Login

সর্বশেষ রাজনীতি বাংলাদেশ অপরাধ বিশ্ব 🌐 Eng 🚞

গোলাম রব্বানি। এবি: সংগৃহীত

কক্সবাজার সমুন্নসৈকতের সিগাল পয়েন্টের ঝাউবাগানে আজ বৃহস্পতিবার রাতে খুলনা সিটি করপোরেশনের ৪ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর গোলাম রব্বানি টিপুকে (৫৫) গুলি করে হত্যা করা হয়েছে। তাঁর বাড়ি খুলনার দৌলতপুরে। হত্যার রহস্য উদ্ঘাটনে কাজ করছে আইনগৃঙ্খলা রক্ষাকারী বাহিনী।

পুলিশ ও প্রত্যক্ষদশীরা জানান, আজ রাত সাড়ে আটটার দিকে গোলাম রব্বানি সিগাল হোটেলের সামনে আউবাগানের ভেতরে কাঠের তৈরি সেতুর পাশে ইটেছিলেন। এ সময় মোটরসাইকেল যোগে দুই ব্যক্তি ঘটনাস্থলে এসে গোলাম রব্বানির মাথায় গুলি করে দ্রুত পালিয়ে যায়। পূর্বশক্রতার জের ধরে এই হত্যাকাণ্ড বলে সন্দেহ করা হছে।





ঘটনার প্রত্যক্ষদশী ইব্রিবাইক (টমটম) চালক আবদুস সালাম (৩৮) বলেন, তিনি সিগাল হোটেলের দিকে ছিলেন। গুলির শব্দ গুনে তিনি ঘটনাস্থলে গিয়ে দেখেন এক ব্যক্তি গুলিবিদ্ধ হয়ে বালুতে পড়ে গেছেন। দ্রুত তিনি ওই ব্যক্তিকে নিজের টমটমে তুলে কর্মবাজার সদর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে যান। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।





ঘটনার সভাতা নিশ্চিত করে কন্ত্রবাজার সদর মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ইলিয়াছ খান প্রথম আলোকে বলেন, নিহত গোলাম রব্বানি খুলনা সিটি করপোরেশনের ৪ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর। সেথানকার পুলিশের সঙ্গে কথা বলে তিনি জেনেছেন, গত ৫ আগষ্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে গোলাম রব্বানি আত্মগোপন করেন। তিনি কখন কন্দ্রবাজার এসেছেন, কোথায় ওঠেন এবং কেন তাঁকে হত্যা করা হয়েছে, তার কারণ অনুসন্ধান করা হছে। মাথায় গুলি করে তাঁকে হত্যা করা হয়। মরদেহ ময়নাতদন্ডের জন্য কন্দ্রবাজার সদর হাসপাতাল মর্গে রাখা হয়েছে।

ট্রারিউ পুলিশ কন্সবাজ্ঞারের অতিরিন্ধ পুলিশ সুপার মো. আসাদুজ্জামান প্রথম আলোকে বলেন, গোলাম রব্বানি হত্যার রহস্য উদ্ঘাটনে মাঠে নেমেছে পুলিশ। সৈকতের নিরাপন্তা জ্যোরদার করা হয়েছে।

States.







বাউফলে যুবলীগ নেতাকে কুপিয়ে খুন

Published : Monday, 27 January, 2025 at 9:50 PM

অবজারতার সংবাদদাতা





dailyobserver



English | Friday | 18 April 2025 | Epaper





পটুয়াখালীর বাউফলে সুজন হাওলাদার (৩০) নামের এক যুবলীগ নেতাকে কুপিয়ে খুন করা হয়েছে।

সোমবার সন্ধ্যায় কনকদিয়া ইউনিয়নের আমিরাবাদ বাজার সংলগ্ন ছোট ব্রিজের পাশে এ ঘটনা ঘটেছে। পেশায় সুজন একজন অটো চালক। তিনি মদনপুরা ইউনিয়নের দ্বিপাশা গ্রামের নবী আলী হাওলাদারের ছেলে।

সংশ্লিষ্ট সূত্র জানায়, অটো রিক্সায় যাত্রী নেওয়ার জন্য আমিরাবাদ বাজারে অপেক্ষা করছিলেন সুজন। এসময় ৪/৫ জন দুর্রুত্ত ধারালো অন্ত্র দিয়ে তাকে এলোপাতাড়িভাবে কুপিয়ে জখম করে পালিয়ে যায়। পরে আহত সুজনকে বাউফল স্বান্থ্য কমপ্লেক্সে নেওয়ার পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।







English | Friday | 18 April 2025 | Epaper

পর কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

নিহত সুজনের চাচা আবদুল মান্নান হাওলাদার বলেন, সুজন মদনপুরা ইউনিয়নের ১নং ওয়ার্ডের যুবলীগের সদস্য ছিলেন। হানীয় পীরজাদা মশিউর রহমানের দরবারে যাতায়াত ছিল সুজনের। ওই দরবারে যাতায়াতের বিষয়টি হানীয় একটি মহল মেনে নিতে পারছেন না। তাই পরিকল্পিতভাবে সুজনকে খুন করা হতে পারে। তবে এ কারনেই যে সুজনকে খুন করা হয়েছে তা নিশ্চিত নয়। খুনের অন্য মোটিভও থাকতে পারে বলে ধারনা করছেন তিনি।

নিহতের বাবা নবী আলী হাওলাদার অভিযোগ করেছেন, উপজেলা ছাত্রদলের যুগা আহ্বায়ক মো. মিরাজের (৩০) নেতৃত্বে তার ছেলে সুজনকে পিটিয়ে ও কুপিয়ে খুন করা হয়েছে। এ ঘটনার দ্রুত বিচার দাবী করেন তিনি।

Latest news of The Daily Observer now in Google News অবশ্য এ ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগ অস্বীকার করে ছাত্রদল নেতা মিরাজ বলেন, আমাকে নিয়ে যড়যন্ত্র চলছে।

বাউফল থানার এসআই মো. মফিজুল ইসলাম বলেন, সুজনের শরীরের একাধিক স্থানে ধারালো অন্ত্রের আঘাত রয়েছে।





ANNEX-64

সম্পূর্ণ নিউজ সময়

as HIR RIVE, as preside acore

গাইবান্ধায় ছাত্রলীগ নেতা হত্যার ঘটনায় ইউপি চেয়াম্যানের নামে মামলা

গাইবান্ধার সাদুরাপুর উপজেলার ধাপেরহাট ইউনিয়নের সাবেক ছাত্রলীগ নেতা আব্দুরাহ আল মামুন (২৯) হত্যার ঘটনায় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলাম শিপনসহ ২৭ জনের নাম উল্লেখ করে মামলা করা হয়েছে হয়েছে।



সান্দ্রগণুর থানা। ইনসেটে নিছত গ্রাম্দ্র্রাছ আন মামুন। ছনি: সংগৃহীত





শুক্রবার (১৪ ফেরন্যারি) সাদুরাপুর থানায় মামলাটি দায়ের করেন নিহত মামুনের বাবা আব্দুল মারান মন্ডল। মামলায় আরও ২০ থেকে ২২ জনকে অজ্ঞাতনামা আসামি করা হয়।

মামলার বিষয়টি নিষ্চিত করেন সাদুল্লাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজউচ্চিন খন্দকার।

মামলায় উল্লেখ করা হয়, বৃহস্পতিবার (১৩ ফেব্রুয়ারি) বিকেলে অজ্ঞাত এক ব্যক্তি ফোন করে মামুনকে ডেকে নেয়। পরে জামনানি ঘাটের পাশে ধাপেরহাট বন্দর সড়কে আসামিরা তাকে মারপিট করে ফেলে রেখে যায়। পরে স্বজনরা গুরুতর আহত অবস্থায় মামুনকে উদ্ধার করে পীরগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

আরও পড়ুন: গাইবাছায় দুর্বৃতদের হামলায় ছাত্রলীগ নেতা দিহত

ওসি তাজউদ্দিন খন্দকার বলেন, 'আব্দুল্লাহ আল মামুন হত্যার ঘটনায় একটি হত্যা মামলা দায়ের হয়েছে। আসামিদের প্রেফতারে অভিযান চলছে।'



कारणीय ज्यात्र आत्रा मामल्य

इ.इ.चि. (क्रियासम्मान







ANNEX-65

 সারাদেশ >> রংপুর
রেললাইনে পড়ে ছিল আওয়ামী লীগ নেতার মরদেহ, রশিতে বাঁধা ছিল দু'হাত

রেললাইনে পড়ে ছিল আওয়ামী লীগ নেতার মরদেহ, রশিতে বাঁধা ছিল দু'হাত



হাবি: সমকাল



মঙ্গলবার দুপুরে তার মরদেহ উদ্ধার করে রেলওয়ে থানা পুলিশ। এসময় তার দুই হাত প্লাশ্টিকের রশি দিয়ে বাঁধা অবস্তায় ছিল।

ট্রেনে কাটা অবস্থায় ভরত চন্দ্র রায় (৪৮) নামে এক আওয়ামী লীগ নেতার মরদেহ উদ্ধার করেছে রেলওয়ে থানা পুলিশ।

পার্বতীপুর-ফুলবাড়ী রেলপথের হলদীবাড়ী এলাকা থেকে

- **T**+

পার্বন্তীপুর (দিনাজপুর) প্রতিনিধি ① গ্রকাশ: ১৮ কেরণারি ২০২৫ | ১৭:৩০ | অপরেট: ১৮ কেরণারি ২০২৫ | ১৭:৪৪













প্রত্যক্ষপশীদের ধারণা, তাকে হত্যা করে অথবা হাত বেঁধে রেললাইনে ফেলে রাখা হয়েছিল। পরে ঢাকা থেকে পার্বতীপুরগামী কোনো এক ট্রেনে দেহ থেকে তার মাথা বিচ্ছিন্ন হয়ে যায়।

এ ঘটনায় দিনাজপুর সিআইডির এএসপি ফারুক আহমোদ, এএসপি সার্কেল জিল্লাহ আল মামুন, ডিবির ওসি সোহেল রানা, রেলওয়ে থানার ওসি ফকরুল ইসলাম ও মডেল থানার ওসি আব্দুস সালাম ঘটনাজ্ব পরিদর্শন করেছেন।

Bangladesh: Organised murder for membership to the Awami League and its affiliate organisations







তিনি আরো জানান, তার বাবার দেড় লাখ টাকা বকেয়া বেতন পাওয়ার কথা ছিল সোমবার। ওই টাকা দিয়ে আজ মঙ্গলবার চাচাতো বোনের বিয়ের জন্য মেটিরসাইকেল কিনতে যাওয়ার কথা ছিল।

ভরত চন্দ্রের স্ত্রী ভারতী বানী জানান, আমার স্বামীর কোনো শত্রু আছে বলে আমার জানা নেই। কী কারণে তাকে এভাবে হত্যা করা হয়েছে তা বুঝতে পারছি না। আমার প্রয়াত দেবরের মেয়ে সোনামনির বিয়ে আগামী বৃহস্পতিবার। আজ মঙ্গলবার মোটরসাইকেল কিনতে যাওয়ার কথা। এখন সব চুরমার হয়ে গেল।



Rights and Risks Analysis Group

English



ANNEX-66

ATTRN ATTRN

নরসিংদীতে আ. লীগ-বিএনপি সংঘর্ষ: স্থানীয়রা বলছেন নিহত ২, পুলিশের দাবি এক



নিজস্ব সংবাদদাতা, ব্রাহ্মণবাড়িয়া ও নৱসিংদী শুদ্রালয়ার মাট ২১, ২০২৫ ১২:৫৮ অপরাক্ষ সর্বশেষ আগতেট: জ্ঞান্দ্রার মাট ২১, ২০২৫ ১২:৫৮ জলারাজ



সংঘতে আয়মধ্য ৰাজপুৱা ৰাসপাধানে চিকিৎসা নিজে এসেছেন । মৰি: সংগৃহীত



The Bally Star বাংলা

English

সমর্থকদের সংঘর্ষে গুলিবিদ্ধ হয়ে দুজন নিহত হয়েছেন বলে জানা গেছে।



তবে জেলা পুলিশের কর্মকর্তারা একজন নিহতের তথ্য দ্য ডেইলি স্টারকে নিশ্চিত করেছেন।

নরসিংদীর অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) সুজন চন্দ্র সরকার জানান, সংঘর্ষে আমিন নামের একজন গুলিবিদ্ধ হয়ে মারা গেছেন।

স্থানীয়দের বরাতে জানা গেছে, আধিপত্য বিন্তারকে কেন্দ্র করে স্থানীয় আওয়ামী লীগ নেতা আব্দুস সালাম মিয়া ও চানপুর ইউনিয়ন পরিষদের সদস্য বিএনপি সমর্থক শামসু মিয়ার মধ্যে শ্বন্থ চলে আসছিল। এই দ্বন্ডের জেরে শামসু ও তার সমর্থকদের এলাকা ছাড়া করেছিলেন সালাম মিয়ার লোকজন। গত ৫ আগস্ট সরকার পতনের পর শামসু ও তার সমর্থকরা এলাকায় ফিরে এসে সালাম মিয়ার সমর্থকদের এলাকা ছাড়া করেন। শুক্রবার ভোরে সালাম মিয়া ও তার সমর্থকরা এলাকায় ফিরে এসে সালাম মিয়ার সমর্থকদের এলাকা ছাড়া করেন। শুক্রবার ভোরে সালাম মিয়া ও তার সমর্থকরা এলাকায় ফিরলে শামসুর পক্ষের লোকেরা বাঁধা দেয়। একপর্যায়ে উভয় পক্ষের লোকেরা দেশীয় অস্ত্র, দা, ছুরি ও ককর্টেল নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে প্রতিপক্ষের ছোড়া গুলি ও ছুরিকাঘাতে দুজন ঘটনাস্থলেই নিহত হন। এহাড়া উভয় পক্ষের অন্তত ১০-১২ জন আহত হন।



The Baily Star dieni

English

হাসপাতালে চিকিৎসা নিতে আসা আহতরা ডেইলি স্টারকে জানান, সংঘর্ষে দুজন নিহত হয়েছেন। তারা হলেন, মোহিনীপুর গ্রামের খোরশেদ মিয়ার ছেলে আমিন (২৩) ও একই গ্রামের বারেক হাজীর ছেলে বাশার (৩৫)।



তারা দুজনই আওয়ামী লীগ নেতা সালাম মিয়ার সমর্থক বলে দাবি করেছেন স্থানীয়রা।

এদিকে সংঘর্ষে নিহত হওয়ার ঘটনায় পুরো এলাকাজুড়ে আতস্ক ও উত্তেজনা বিরাজ করছে। খবর পেয়ে রায়পুরা খানার পুলিশ ঘটনাস্থলে গেছে।





7. List of the Awami League leaders killed in custody

Call for Independent Investigation into Deaths of 21 Awami League Leaders and Activists in Custody

Published on May 8, 2025





The current interim government of Bangladesh meet ensure full, transparent, and independent investigations into the reported custodial deaths of at least 21 members of the Awami League since Dr. Muhammad Yunus seized power. The killings, which allegedly occurred inside jails and under police custody—environments that should be among the safest in any civilized society—are a grave violation of both national laws and international human rights standards.

Since August 5, 2024, Awami League activists have reportedly been subjected to targeted violence by paramilitary forces loyal to the de facto regime of Dr. Yunus. Disturbingly, some of the victims were in good health at the time of their arrest but were allegedly tortured in custody, leading to severe health deterioration or death. In many cases, families were not informed about the victims' condition, nor were proper medical treatments provided despite urgent requests. Several detainees were implicated in questionable or fabricated charges either before or after arrest—raising serious concerns about the use of the judicial system to justify political persecution.

The systematic nature of these deaths within state-controlled facilities bears disturbing resemblance to historic atrocities in Bangladesh, including the 1950 Khapra Ward massacre and the targeted political killings of November 3, 1975.

Under domestic and international law, the state has a legal obligation to protect the rights of detainees, including their right to life, health, and due process. The failure to uphold these responsibilities, and the apparent impunity enjoyed by those responsible, represents a flagrant breach of fundamental human rights.



Despite the dire situation, we remain committed to the pursuit of justice. Every life lost in custody must be accounted for, and those responsible—no matter how powerful—must face legal consequences. The culture of impunity must end.

We call on the international community, human rights organizations, and all defenders of justice to stand with the families of the victims and demand independent investigations into these deaths in custody.

List of the 21 Awami League Leaders and Activists Who Died in Custody:

- 1. Elahi Sikder (19) Gopalganj, died 7 Sept 2024
- 2. Shafiqul Islam (45) Gaibandha, died 10 Sept 2024
- 3. Sohrab Hossain Apel (35) Gaibandha, died 10 Sept 2024
- 4. Alimuzzaman Chowdhury (58) Gopalganj, died 14 Oct 2024
- 5. Shahidul Islam Raton (58) Bogura, died 11 Nov 2024
- 6. Abdul Latif (67) Chapainawabganj, died 25 Nov 2024
- 7. Principal Shahadat Alam Jhunu (57) Bogura, died 26 Nov 2024
- 8. Hazrat Ali (30) Brahmanbaria, died 6 Dec 2024
- 9. Abdul Matin Mithu (65) Bogura, died 9 Dec 2024
- 10. Ataur Rahman Angur (55) Sirajganj, died 10 Dec 2024
- 11. Nitya Sarkar (44) Manikganj, died 4 Jan 2025
- 12. Sheikh Zahirul Islam Gazipur, died 10 Jan 2025
- 13. Mominur Islam (50) Nilphamari, died 14 Jan 2025
- 14. Akhtar Sikder Khulna, died 9 Feb 2025
- 15. Abdur Razzak (50) Dhaka, died 13 Feb 2025
- 16. Siddiq Hossain Molla (45) Naogaon, died 18 Feb 2025
- 17. Zahidul Islam Shipu Tangail, died 23 Feb 2025
- 18. Emdadul Haque Bhutto (51) Bogura, died 11 Mar 2025
- 19. Sujit Chandra Dey (40) Kishoreganj, died 2 Apr 2025
- 20. Riyazul Islam alias Raizul (74) Sunamganj, died 9 Apr 2025
- 21. Forjad Hossain Sojib Chattogram, died 25 Apr 2025

Mohammad Ali Arafat Member, Central Executive Committee Bangladesh Awami League Member of Parliament and Former State Minister for Information

TAGS:

দেয়ালে জয় বাংলা লেখার কারণে চাঁগাইনবাবগস্তের দুই ছাত্রলীগ কর্মীকে **কুপিয়ে হত্যা**

The Rights & Risks Analysis Group (RRAG) is an independent think-tank based in New Delhi. It conducts risks analysis to prevent violations of human rights and fundamental freedoms with a specific focus on the threats to the rule of law and democracy. It provides early warnings on impending conflicts and analysis of policies and programmes of the State and non-State actors contributing to the proliferation or perpetuation of conflicts. Its special focus remains to change the current narrative on counter-terrorism.

The RRAG believes that risks to rights

can be addressed through effective engagement with the stakeholders and independent and incisive analysis of the issues and situations for their effective interventions for the prevention of violations of human rights and fundamental freedoms.



RIGHTS AND RISKS ANALYSIS GROUP

C-3/441, Janakpuri, New Delhi-110058, India Phone: +91 11 25628583 Email: director@rightsrisks.org Website: www.rightsrisks.org